# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখঃ ............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, গভর্নিং বডি
ময়দানহাট্টা মোশারফ মন্ডল মহাবিদ্যালয়
ডাক-দাড়িদহ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া

বিষয় : ১১/০৫/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ১১/২০১৯ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১১/০৫/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ১১/২০১৯ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ২২/০৯/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৫ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৪(ঙ) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর [illegible] তারিখঃ ০৭/১১/১৯

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-
১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া
৪। অধ্যক্ষ, ময়দানহাট্টা মোশারফ মন্ডল মহাবিদ্যালয়
ডাক-দাড়িদহ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া
৫। মোঃ মাহমুদুল হাসান
প্রভাষক-ব্যবস্থাপনা (সাময়িক বরখাস্তকৃত)
ময়দানহাট্টা মোশারফ মন্ডল মহাবিদ্যালয়
ডাক-দাড়িদহ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

কো:রিট-০১১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ...........................................  তারিখঃ ............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
শহীদ জিয়া মডেল কলেজ
ডাক ও উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া

বিষয় : ১১/০৫/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ১১/২০১৯ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিদের্শক্রমে জানানো যাচ্ছে যে, ১১/০৫/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ১১/২০১৯ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ২২/০৯/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৫ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৪(ঙ) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর আরবিট্রেশন-২০১৭/০১/৩০৫(৪)  তারিখঃ ০৭/১১/১৯

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-
১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া
৪। মোঃ মাহতাব উদ্দিন
অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), শহীদ জিয়া মডেল কলেজ
ডাক ও উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া

০৭/১১/১৯
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

কোঃরিট-০১১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## ১১/২০১৯ তম আপীল এন্ড আরবিট্রেশন সভার কার্যবিবরণী

স্থান : রাজশাহী শিক্ষা বোর্ড সভাকক্ষ

তারিখঃ মে ১১,২০১৯,শনিবার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির ১১/২০১৯ তম সভা ১১মে,২০১৯ তারিখ সকাল ০৯.৩০ টায় অত্র বোর্ডের মাননীয় চেয়ারম্যান প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

### সভায় উপস্থিত সদস্যগণ:

১. প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. প্রফেসর ড. মোঃ আনারুল হক প্রাং, পরীক্ষা নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. মোঃ হাবিবুর রহমান, কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়, বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. মোঃ মুঞ্জুর রহমান খান, উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. মি. মানিক চন্দ্র সেন, উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. প্রফেসর ড. সৈয়দ শামসুদ্দিন আহমেদ (খোকন), ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী
৮. প্রফেসর ড. মোঃ আনিসুর রহমান, আইন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী
৯. মোঃ লুৎফর রহমান, বিদ্যালয় পরিদর্শক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. ড. মোছাঃ নূরজাহান বেগম, প্রধান শিক্ষক, রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী
১১. বাবু রাজকুমার সরকার, অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত), মোহনপুর ডিগ্রী কলেজ, রাজশাহী
১২. এ্যাডভোকেট মোঃ এজাজুল হক মানু, সহকারী সরকারি কৌশলী, জজ কোর্ট, রাজশাহী
১৩. এ্যাডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট, রাজশাহী

### সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত সমূহ:

| | | |
|---|---|---|
| আলোচ্য বিষয় | ১. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন ময়দানহাট্টা মোশারফ মন্ডল মহাবিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক মোঃ মাহমুদুল হাসান (সাময়িক বরখাস্তকৃত)-এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। |
| সিদ্ধান্ত | ১. | প্রভাষক মোঃ মাহমুদুল হাসান-কে গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্তকরণ বিধি সম্মত হওয়ায় তার চূড়ান্ত বরখাস্তের সুপারিশ করা হলো। বিষয়টি অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো। |
| আলোচ্য বিষয় | ২. | বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন শহীদ জিয়া মডেল কলেজের অধ্যক্ষ মোঃ মাহতাব উদ্দিন (সাময়িক বরখাস্তকৃত)-এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। |
| সিদ্ধান্ত | ২. | অধ্যক্ষ মোঃ মাহতাব উদ্দিন-কে গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্তকরণ বিধি সম্মত হওয়ায় তার চূড়ান্ত বরখাস্তের সুপারিশ করা হলো। বিষয়টি অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো। |

সভাশেষে সভাপতি মহোদয় কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্ত করেন।

১১/০৫/২০১৯
প্রফেসর ড. মোঃ আনারুল হক প্রাং
পরীক্ষা নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ও
সদস্য সচিব
আপীল এন্ড আরবিট্রেশন কমিটি

১১/০৫/২০১৯
প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ও
সভাপতি
আপীল এন্ড আরবিট্রেশন কমিটি

e:apil-02

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ: ...........................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, গভর্নিং বডি
মান্দা এস.সি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক ও উপজেলা-মান্দা, জেলা-নওগাঁ

বিষয় : ১৩/০৮/২০১৮ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিদের্শক্রমে জানানো যাচ্ছে যে, ১৩/০৮/২০১৮ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ২২/০৯/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৫ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৪(ঘ)(১) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ: ...........................

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, নওগাঁ
৩। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ
৪। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মান্দা এস.সি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক ও উপজেলা-মান্দা, জেলা-নওগাঁ
৫। মি. সমরেশ মজুমদার
জ্যেষ্ঠ সহকারী শিক্ষক (অবঃ)
মান্দা এস.সি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক ও উপজেলা-মান্দা, জেলা-নওগাঁ

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# Dispose (নিষ্পত্তি) সভার কার্য বিবরণী

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ মান্দা এস.সি মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজ, মান্দা, নওগাঁ

অদ্য ১৩/০৮/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর সভাকক্ষে অত্র বোর্ডের Dispose (নিষ্পত্তি) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানীত সচিব ও নিষ্পত্তি কমিটির আহ্বায়ক প্রফেসর তরুণ কুমার সরকার। সভায় নিষ্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| ক্র:নং | নাম/পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ২. | এ্যাডভোকেট, মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | এ্যাডভোকেট,মোহাঃ এজাজুল হক মানু,সহকারী সরকারী কৌশুলী,জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | উপ-বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান।

সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, অত্র বোর্ডের অধিভুক্ত মান্দা এস.সি মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সহকারী প্রধান শিক্ষক) বিকাশ চন্দ্র মন্ডল ৩০/১২/২০১৪ তারিখে অবসর গ্রহণ করলে কলেজের গভর্নিং বডির ৩১/১২/২০১৪ তারিখের সিদ্ধান্ত মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক সমরেশ মজুমদারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব অর্পন করা হয়। তিনি ০১/০১/২০১৫ তারিখে উক্ত পদে যোগদান করেন। পরবর্তীতে শারীরিক অসুস্থতার কারণে তিনি গত ১৪/০৭/২০১৫ তারিখে দায়িত্ব থেকে স্বেচ্ছায় অব্যাহতি নেন। উদ্ভূত পরিস্থিতিতে গভর্নিং বডি ৩০/০৯/২০১৫ তারিখে এক জরুরী সভা আহবান করে এবং উক্ত প্রতিষ্ঠানের

অন্যতম জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব মোঃ রোস্তম আলীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পন করে। জনাব মোঃ রোস্তম আলী উক্ত তারিখেই ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব গ্রহণ করেন। অত:পর বোর্ড কর্তৃপক্ষ জনাব সমরেশ মজুমদারের স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণ অনুমোদন করতঃ উপজেলা নির্বাহী অফিসার, মান্দা বরাবর পত্র প্রেরণ করে। পরবর্তীতে পুনরায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পাওয়ার নিমিত্তে জনাব সমরেশ মজুমদার মহামান্য হাইকোর্টে ১১৬৭৫/২০১৭ নম্বর রীট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে সমরেশ মজুমদার কর্তৃক দাখিলকৃত ৩১/০৫/২০১৭ তারিখের আবেদন পত্র নিষ্পত্তির জন্য নির্দেশ দেন। সদস্য সচিব মহোদয় আরো জানান যে, সমরেশ মজুমদার বোর্ডের চেয়ারম্যান মহোদয় সমীপে ৩১/০৫/২০১৭ তারিখে কোন আবেদন পত্র দাখিল করেননি। উক্ত রীটের সাথে তিনি ৩১/০৫/২০১৭ তারিখের আবেদন পত্র দাখিল করেছেন।

সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, তিনি অদ্যকার তারিখ, সময় এবং স্থান উল্লেখ করতঃ উক্ত রীট মামলার সংশ্লিষ্ট পক্ষগণকে পত্র দিয়েছেন এবং সংশ্লিষ্ট পক্ষগণ হাজিরার মাধ্যমে তাঁদের উপস্থিতি নিশ্চিত করেছেন।

অত:পর অদ্যকার সভার সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে পক্ষগণ সভায় উপস্থিত হলে এবং সভাপতি মহোদয় তাদেরকে নিজ নিজ বক্তব্য পেশ সহ প্রয়োজনীয় কাগজ পত্র কমিটির সদস্যগণের সামনে উপস্থাপনের অনুমতি দিলে সমরেশ মজুমদার প্রথমে তার বক্তব্য পেশ করেন। তিনি বলেন যে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব বিকাশ চন্দ্র মন্ডল অবসর গ্রহণের পর গভর্নিং বডি তাঁকে উক্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পন করেছিলেন। কিন্তু স্বাস্থ্যগত কারণে তিনি উক্ত দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে সহকারী শিক্ষকের অর্থাৎ তাঁর নিজ পদের দায়িত্ব পালনের অভিপ্রায় জানিয়ে গভর্নিং বডি সমীপে লিখিত আবেদন জানালে গভর্নিং বডি তাঁর আবেদনে উল্লিখিত প্রার্থনা মঞ্জুর করতঃ তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করেন। কমিটির সভাপতি মহোদয় এবং অন্যান্য সকল সদস্য তাঁকে একাধিকবার জিজ্ঞাসাবাদ করেন যে, তিনি স্বাস্থ্যগত কারণে নাকি ভয়ভীতির কারণে স্বেচ্ছায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি নিয়েছিলেন ? উত্তরে তিনি বারবার একই কথা বলেন যে, সত্যিকার অর্থেই তিনি স্বাস্থ্যগত কারণে স্বেচ্ছায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি নিয়েছিলেন।

সিদ্ধান্ত : যেহেতু সমরেশ মজুমদার স্বাস্থ্যগত কারণে স্বেচ্ছায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি নিয়েছিলেন এবং যেহেতু গভর্নিং বডি জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব মোঃ রোস্তম আলীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পন করেছেন এবং তিনি উক্ত পদে বর্তমান অবধি দায়িত্ব পালন করছেন সেহেতু তাঁকে

সরিয়ে সমরেশ মজুমদারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করলে ন্যায় বিচার লংঘিত হবে এবং সে কারণে তাঁর আবেদন নামঞ্জুর করা হল।

প্রফেসর তরুণ কুমার সরকার
আবহায়ক
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

০৪/১২/১৮

প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়
সদস্য সচিব
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং বিদ্যালয়
পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Rizaul-2- School Inspector-Diapose-14

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................          তারিখঃ ............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : মোঃ হাবিবুর রহমান
অধ্যক্ষ, কাছিকাটা স্কুল এন্ড কলেজ
ডাক-কাছিকাটা, উপজেলা-গুরুদাসপুর, জেলা-নাটোর

বিষয় : ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিষ্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিদের্শক্রমে জানানো যাচ্ছে যে, ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিষ্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ২২/০৯/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৫ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৪(ঘ)(২) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ..........................................          তারিখঃ ............................

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, নাটোর
৩। উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর
৪। মোঃ তারিখ-উল-ইসলাম (অধ্যক্ষ দাবিদার)
কাছিকাটা স্কুল এন্ড কলেজ
ডাক-কাছিকাটা, উপজেলা-গুরুদাসপুর, জেলা-নাটোর

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

৭২৭

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## Dispose (নিষ্পত্তি) সভার কার্যবিবরণী

**শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ কাছিকাটা স্কুল এন্ড কলেজ, গুরুদাসপুর, নাটোর**

অদ্য ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র সভাকক্ষে বোর্ডের Dispose (নিষ্পত্তি) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের দায়িত্বপ্রাপ্ত সচিব এবং Dispose (নিষ্পত্তি) কমিটির আহবায়ক প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং। সভায় নিষ্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম/পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং<br>পরীক্ষা নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত সচিব | আহবায়ক | স্বাক্ষরিত |
| ২. | এ্যাডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট রাজশাহী ও আইন উপদেষ্টা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | এ্যাডভোকেট মোহাঃ এজাজুল হক মানু, সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট রাজশাহী ও আইন উপদেষ্টা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি দায়িত্বপ্রাপ্ত সচিব মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়, বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান।

সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, অত্র বোর্ডের অধিভুক্ত কাছিকাটা স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ দাবীদার জনাব মোঃ তারিক-উল-ইসলাম একটি এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে গত ২৪/০৪/২০১৭ খ্রীঃ তারিখে অত্র বোর্ডে আবেদন করলে (তার দাবী মতে) বোর্ডকর্তৃপক্ষ তার আবেদন গ্রাহ্য না করায় তিনি মাননীয় হাইকোর্টে ১৫১৭/২০১৮



০৮/০৮/১৯ ০৮/০৮/১৯

নম্বর রীট পিটিশন দায়ের করেন। অত:পর মাননীয় আদালত উক্ত দরখাস্ত Dispose করার জন্য চেয়ারম্যান মহোদয়কে নির্দেশ দেন। সেই নির্দেশ অনুসারে অদ্যকার Dispose সভা আহবান করা হয়েছে। সদস্য সচিব মহোদয় সভাকে আরো অবহিত করেন যে, সংশ্লিষ্ট পক্ষদ্বয় হাজির আছেন এবং তারা হাজিরা খাতায় স্বাক্ষর দিয়েছেন। সভাপতি মহোদয়ের আহবানে রীট পিটিশনার জনাব মোঃ তারিখ-উল-ইসলাম সভাকে অবহিত করেন যে, কর্তৃপক্ষ তাকে বেআইনী ভাবে অধ্যক্ষ পদ থেকে অব্যহতি দিলে তিনি মাননীয় হাইকোর্টে উক্ত রীট পিটিশন দায়ের করেন। মাননীয় হাইকোর্ট তার মামলার Rule Discharge করলে তিনি মাননীয় আপীল বিভাগে আপীল দায়ের করেন। অতপরঃ আপীল নামঞ্জুর হলে তিনি ৪৫১/২০১৮ নম্বর রিভিউ পিটিশন দায়ের করেন। উক্ত পিটিশন এখনও নিষ্পত্তি হয়নি বলে জনাব তারিখ-উল-ইসলাম সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত ঃ** যেহেতু কর্তৃপক্ষ তাকে অধ্যক্ষের পদ থেকে অব্যহতি দিয়েছেন এবং যেহেতু তিনি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্টে একটি রীট পিটিশন দায়ের করেছিলেন এবং উক্ত রীটের আদেশের ধারাবাহিকতায় ৪৫১/২০১৮ নম্বর রিভিউ আবেদন মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগে শুনানীর অপেক্ষায় আছে, সেহেতু উক্ত রিভিউ পিটিশন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তার আবেদনের বিষয়ে কোন প্রকার সিদ্ধান্ত গ্রহণ করা সমীচিন নয় মর্মে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করলেন।

০৮/০৮/২২

প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং
আহবায়ক
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং
দায়িত্বপ্রাপ্ত সচিব
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
রাজশাহী

০৮/০৮/২২

প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়
সদস্য সচিব
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং
বিদ্যালয় পরিদর্শক
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর .........................................                                        তারিখঃ ............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
শহীদ জিয়া মডেল কলেজ
ডাক ও উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া

বিষয় : ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ২২/০৯/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৫ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৪(ঘ)(৩) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ০৭/কলেজ/প্রতিষ্ঠান(৪)/৩৩৪                                        তারিখঃ ০৭/১১/১৯

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া
৪। মোঃ মাহতাব উদ্দিন
অধ্যক্ষ (বরখাস্তকৃত)
শহীদ জিয়া মডেল কলেজ
ডাক ও উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া

০৭/১১/১৯
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## Dispose (নিষ্পত্তি) সভার কার্যবিবরণী

<u>শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ শহীদ জিয়া মডেল কলেজ, গাবতলী, বগুড়া</u>

অদ্য ০৮/০৮/২০১৯ খ্রীঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র সভাকক্ষে বোর্ডের Dispose (নিষ্পত্তি) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের দায়িত্বপ্রাপ্ত সচিব এবং Dispose (নিষ্পত্তি) কমিটির আহবায়ক প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং। সভায় নিষ্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| ক্র: নং | নাম/পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং<br>পরীক্ষা নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত সচিব | আহবায়ক | স্বাক্ষরিত |
| ২. | এ্যাডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট রাজশাহী ও আইন উপদেষ্টা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | এ্যাডভোকেট মোহাঃ এজাজুল হক মানু, সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট রাজশাহী ও আইন উপদেষ্টা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি দায়িত্বপ্রাপ্ত সচিব মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়, বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান।

সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, অত্র বোর্ডের অধিভুক্ত বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন শহীদ জিয়া মডেল কলেজ-এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ মাহাতাব উদ্দীন উক্ত কলেজের অধ্যক্ষ থাকাকালীন কলেজের অর্থ আত্মসাৎ সহ বিভিন্ন ধরণের দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগে কলেজের গভর্নিংবডি তাকে সাময়িক বরখাস্ত করে। উক্ত বরখাস্তের সিদ্ধান্ত অনুমোদনের নিমিত্তে বিষয়টি অত্র বোর্ডে প্রেরণ করা হয়। অত:পর বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি তার বরখাস্তের প্রস্তাবনার আইনগত দিক পর্যালোচনা করে মতামত সহ বোর্ড সভায় প্রেরণ করেন। আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি গভর্ণিং বডির সভাপতি এবং সাময়িকভাবে বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ মাহাতাব উদ্দীনকে সভায় উপস্থিত হয়ে তাদের নিজ নিজ বক্তব্য পেশ করবার জন্য আহবান জানিয়ে ছিলেন এবং

তারা উভয়েই গত ১১/০৫/২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ১১/২০১৯তম আপীল এ্যান্ড আরবিট্রেশন সভায় উপস্থিত হয়ে তাদের নিজ নিজ বক্তব্য পেশ করেছিলেন। আপীল এ্যাড আরবিট্রেশন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য ইতিমধ্যেই সেটি বোর্ড সভায় প্রেরিত হয়েছে। বোর্ডসভা এখনও অনুষ্ঠিত হয়নি। আগামীতে অনুষ্ঠিত হলে, আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটির মতামত তার পক্ষে যাবে না, এই আশংকায় তিনি তথ্য গোপন করে মাননীয় হাইকোর্টে ৫৯৩৮/২০১৯ নম্বর রীট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত জনাব মোঃ মাতাহাব উদ্দন কর্তৃক মাননীয় চেয়ারম্যান সমীপে দাখিলকৃত ২৫/০৪/২০১৯ খ্রীঃ তারিখের আবেদনটি নিষ্পত্তির জন্য মাননীয় চেয়ারম্যানকে নির্দেশ দিয়েছেন। সদস্য সচিব মহোদয় সভাকে আরো অবহিত করেন যে, অদ্যকার নিষ্পত্তি সভা অনুষ্ঠানের তারিখ, সময় এবং স্থান জানিয়ে জনাব মোঃ মাহাতাব উদ্দীন সাহেবকে এবং গভর্নিং বডির সভাপতি সাহেবকে পত্র দেওয়া হয়েছিল। তারা উভয়েই উপস্থিত হয়েছেন এবং লিখিতভাবে হাজিরা দিয়েছেন।

অতঃপর উভয়পক্ষকে সভায় হাজির হবার আহবান জানালে তারা উভয়েই সভায় হাজির হন। অদ্যকার সভায় মাননীয় সভাপতি মহোদয় রীট পিটিশনার জনাব মোঃ মাহাতাব উদ্দীনকে তার দাখিলকৃত ২৫/০৪/২০১৯ খ্রীঃ তারিখের দরখাস্তের বিষয়ে বক্তব্য পেশা করার অনুমতি দিলে তিনি উক্ত দরখাস্তে বিবৃত বক্তব্য সভায় পেশ করেন। অতঃপর সভার সদস্যগণ তার উক্ত বক্তব্য আপীল এ্যান্ড আরবিট্রেশন সভায় উপস্থাপন বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি জানান, উক্ত বক্তব্য তিনি আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটিতেও পেশ করেছিলেন এবং ঐ তথ্য গোপন করে তিনি মাননীয় হাইকোর্টে অত্র রীট দায়ের করেছেন এবং Dispose এর নির্দেশনা এনেছেন।

**সিদ্ধান্ত ঃ** যেহেতু জনাব মোঃ মাতাহাব উদ্দিন কর্তৃক চেয়ারম্যান মহোদয় সমীপে দাখিলকৃত ২৫/০৪/২০১৯ তারিখের দরখাস্তের বক্তব্য এবং আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটির সামনে তিনি যে বক্তব্য দিয়েছিলেন তা অভিন্ন এবং যেহেতু তার উক্ত তারিখের দরখাস্তে বিবৃত বক্তব্য বিষয়ে আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ বোর্ড সভায় উপস্থাপনের নিমিত্তে প্রক্রিয়াধীন আছে এবং যেহেতু তিনি তথ্য গোপন করে অত্র রীট পিটিশন আনয়ন করেছেন, সেহেতু গত ২৫/০৪/২০১৯ খ্রীঃ তারিখের দরখাস্তে বিবৃত বিষয়টি বিবেচনা করার কোন সুযোগ নাই কারণে তা সর্বসম্মতিক্রমে নামঞ্জুর করা হল।

প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং
আহবায়ক
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং
দায়িত্বপ্রাপ্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়
সদস্য সচিব
Dispose (নিষ্পত্তি) কমিটি এবং
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_023